

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)
প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
ই-মেইল: sedppcu@gmail.com



স্মারক: এসইডিপি/পিসিইউ/অ্যাকসেস/উপবৃত্তি/মাপযোগ/০১/২০১৮/ ২০

তারিখ: ১৪ মে, ২০১৯ খ্রি:।

বিষয়: Secondary Education Development Program (SEDP)র অধীনে সমাপ্ত সেকায়েপভুক্ত ২৫০ উপজেলায় ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন সুবিধা প্রদান।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮১.৮১.০০১.১৮.৪০৯ তারিখ: ২৯/১১/ ২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাবীন Secondary Education Development Program (SEDP) গত ৩১ অক্টোবর, ২০১৮ তারিখ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এসইডিপি'র প্রোগ্রাম ডকুমেন্টে Secondary Education Sector Road Map-এর Sub-Result Area 2.2: Improved Access and Retention অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের উপবৃত্তি কর্মসূচি সমন্বিতভাবে এসইডিপি-এর মাধ্যমে বাস্তবায়নের সংস্থান রয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সমাপ্ত সেকায়েপ প্রকল্পভুক্ত ২৫০ উপজেলায় ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের ২০১৮ এবং ২০১৯ শিক্ষাবর্ষে সেকায়েপ অনুসৃত হারে উপবৃত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত দুইটি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে প্রতিষ্ঠানভিত্তিক ১০:৩০ অনুপাতে উপবৃত্তির সুবিধাজোগী শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত সিদ্ধান্তের আলোকে ২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ পর্যায়ক্রমে প্রদান করা হবে। উল্লেখ্য যে, ২০২০ শিক্ষাবর্ষ হতে সমন্বিত উপবৃত্তি স্কিমের আওতায় অভিন্ন হার ও ব্যবস্থাপনায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হবে। উপবৃত্তির অর্থ শিক্ষার্থীদের অন-লাইন হিসাবে (মোবাইল ব্যাংকিং) প্রদান করা হবে। এসইডিপি-এর আওতায় সকল আর্থিক কার্যক্রম এবং শিক্ষার্থীদের উপবৃত্তি সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, এসিএফ প্রস্তুত ইত্যাদি কার্যক্রমের জন্য যথাক্রমে অগ্রণী ব্যাংক লিমিটেড এবং এলজিইডি এর সাথে সহযোগিতা চুক্তি সম্পাদিত হয়েছে। উক্ত চুক্তির আওতায় অগ্রণী ব্যাংক লিমিটেড এবং এলজিইডি তাদের কার্যক্রম শুরু করেছে।

এমতাবস্থায় সমাপ্ত সেকায়েপ প্রকল্পের আওতাবীন ২৫০ উপজেলায় ২০১৮ ও ২০১৯ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ-১০ম শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন সুবিধা প্রদানকল্পে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা :, জেলা :

স্মারক: এসইডিপি/পিসিইউ/অ্যাকসেস/উপবৃত্তি/অ্যাডমিন/০২/২০১৮/

জাবেদ আহমেদ
অতিরিক্ত সচিব
ও

প্রোগ্রাম কো-অর্ডিনেটর
এসইডিপি, পিসিইউ,
শিক্ষা ভবন, ঢাকা।

ফোন: ০২-৯৫৫৫১৩৭

তারিখ: ১৪ মে, ২০১৯ খ্রি:।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
নড়াইল সদর, নড়াইল।
www.dshe.narailsadar.narail.gov.bd

স্মারক নং-উমাশিঅ/নস/২০১৯/১৪৩

তারিখ : ১৫/০৫/২০১৯ খ্রি:।

পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

.....বিদ্যালয়/মাদ্রাসা
নড়াইল সদর, নড়াইল।

(মোঃ ফজলুল হক)
১৫/০৫/১৯

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
নড়াইল সদর, নড়াইল।
useonarailsadarfh@gmail.com